

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়,(সওজ),
ঢাকা জোন, এলেনবাড়ী, ঢাকা।
Phone : 880-2-9136138, Fax : 880-2-9138075
email : acedha@rhd.gov.bd

স্মারক নং : ০১১/১৬- ১০০-সিওজ

তারিখ : ২৪/০২/১৭

বিষয় : ২০১৬-২০১৭ইং অর্থ বৎসরে মানিকগঞ্জ সড়ক বিভাগাধীন রাজস্ব বাজেটে অর্থনৈতিক কোড নং ৪৯৩৬-পিরিয়ডিক মেইনটেন্যান্স সড়ক ও সেতু উপখাতে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে বাস্তব কাজের কর্মসূচী অনুমোদন প্রসঙ্গে।


সূত্র : তত্ত্বাবধায়ক প্রকৌশলী,(সওজ), রক্ষণাবেক্ষণ সার্কেলের স্মারক নং ২৮৬-রঃবেঃ তারিখ ১০/১১/২০১৬ইং ও স্মারক নং ৩৯৫-রঃবেঃ তারিখ ০৯/০১/২০১৭ইং ও তার দপ্তরের স্মারক নং ৩৬৬ তারিখ ১৩/০২/২০১৭ইং।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের মাধ্যমে প্রাপ্ত তার সার্কেলাধীন ২০১৬-২০১৭ইং অর্থ বৎসরে মানিকগঞ্জ সড়ক বিভাগাধীন রাজস্ব বাজেটে অর্থনৈতিক কোড নং ৪৯৩৬-পিরিয়ডিক মেইনটেন্যান্স সড়ক ও সেতু উপখাতে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে বাস্তব কাজের কর্মসূচী নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে অনুমোদন পূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হল।

- শর্ত নং ০১ : উক্ত অর্থ ব্যয়ে যাবতীয় বিধি বিধান ও আর্থিক নিয়ম নীতি প্রতিপালন করে অর্থ ব্যয় করতে হবে।
শর্ত নং ০২ : যে কাজের জন্য বরাদ্দ দেওয়া হয়েছে উহা ব্যতীত অন্য কোন কাজে অর্থ ব্যয় করা যাবে না।
শর্ত নং ০৩ : বরাদ্দ বর্হিত কোন কাজ হাতে নেয়া যাবে না।
শর্ত নং ০৪ : সংশ্লিষ্ট কাজের অনুমোদিত প্রাক্কলন ও অনুমোদিত তুলনামূলক বিবরণীর কপি অবশ্যই অত্র দপ্তরে প্রেরণ করতে হবে।

উপরোক্ত শর্ত সমূহ যথাযথ ভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হল।

সংযুক্ত : অনুমোদিত কর্মসূচী - ১(এক) প্রসঙ্গে।


(মোঃ আবদুস সালাম)
পরিচিতি নং ০০৫১৭০

অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওজ),
ঢাকা জোন, এলেনবাড়ী, ঢাকা।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী,(স ও জ),
ঢাকা সড়ক সার্কেল, ঢাকা।

অনুলিপি :

- ০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী,(সওজ), রক্ষণাবেক্ষণ সার্কেল, সড়কভবন, তেজগাঁও, ঢাকা।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী,(সওজ), এমআইএস এন্ড এড্বেটস সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। তাকে বর্ণিত অনুমোদিত কর্মসূচীগুলি সিএমএস এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল।
০৩। নির্বাহী প্রকৌশলী,(সওজ), মানিকগঞ্জ সড়ক বিভাগ।
০৪। কম্পিউটার সিস্টেম এনালিস্ট,(সওজ), ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

